174

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 NOV 1997
পৃষ্ঠা ৩ কলাম ৩

# কৃষি বিশ্ববিদ্যালয়ে সাপ্লিমেন্টারী পরীক্ষা পদ্ধতি বাতিল

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। কৃষি বিশ্ববিদ্যালয়ে বহু বিতর্কিত সাপ্লিমেন্টারী পরীক্ষা পদ্ধতি সিণ্ডিকেটের সভায় বাতিল করা হইয়াছে। গত শনিবার সিণ্ডিকেটের সাধারণ সভায় ইহা বাতিল করা হয়। ইতিপূর্বে ইহা ডীন কাউন্সিলের সভায় সিদ্ধান্ত হয় এবং একাডেমিক

(৫ম পৃঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

কাউন্সিলের সভায় পাস হয়।

### ছাত্র ধর্মঘট পালিত

কামাল ও রনজিত হত্যার বিচারের দাবীতে গত রবিবার কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের (শা-পা) আহ্বানে পূর্ণ দিবস ছাত্র ধর্মঘট পালিত হইয়াছে। ধর্মঘট চলাকালে কালোব্যাজ ধারণ, কালো পতাকা উত্তোলন, কাঙ্গালী ভোজ, মিলাদ মাহফিল, আলোচনা, কোরআনখানি, কামাল, রনজিৎ স্মৃতিস্তম্ভ উদ্বোধন ও শোক মিছিল হয়। স্মৃতি স্তম্ভ উদ্বোধন এবং আলোচনাসভার প্রধান অতিথি ছিলেন ভিসি প্রফেসর ডঃ মুহাম্মদ হোসেন। কামাল-রনজিতের এই প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ছাত্রলীগের সহস্রাধিক নেতা-কর্মী সমর্থক ক্যাম্পাসে শোক মিছিল এবং মার্কেটে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ-এর সভাপতি আব্দুস সালাম, জিএস মেছবাহুজ্জামান চন্দন, ভিপি আরিফ জাহাঙ্গীর প্রমুখ।

### সমাবর্তন

আগামী ২০শে ডিসেম্বর কৃষি বিশ্ববিদ্যালয়ে চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত হইবে। ২০শে নভেম্বর কনভোকীদের আবেদনের শেষ তারিখ। গতকাল রবিবার পর্যন্ত ২১৮৪ কনভোকীর মধ্যে মাত্র ৪২০ জন কনভোকী আবেদন করিয়াছে।